দৈনিক
আমাদের সময়

তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা 2 কলাম ৮

# শিক্ষক শ্যামল কান্তির বিরুদ্ধে ঘুষের মামলা তদন্তের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক, নারায়ণগঞ্জ ●** নারায়ণগঞ্জের বন্দর উপজেলার পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তের বিরুদ্ধে ঘুষ গ্রহণের অভিযোগে করা মামলাটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করতে বন্দর থানার পরিদর্শককে (তদন্ত) নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল দুপুরে নারায়ণগঞ্জ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সাইদুজ্জামান শরীফ এ আদেশ দেন। আদালত আগামী ৪ সেপ্টেম্বর শুনানির ধার্য তারিখে তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন বলে জানিয়েছেন নারায়ণগঞ্জ কোর্ট পুলিশের পরিদর্শক হাবিবুর রহমান।